# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭, ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ

---

স্মারক নং- পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৬-২৭/৩৯ তারিখঃ ১৮-০৮-২০২৬ খ্রি.

**বিষয়: সিলেট বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়ন, ২০২৬-২৭ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক ব্যবস্থাপক সম্মেলন-২০২৬ এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্সভিত্তিক উৎসাহমূলক পুরস্কার প্রদান।**

পল্লী সঞ্চয় ব্যাংক সিলেট বিভাগের আওতাধীন শাখাসমূহের ২০২৫-২৬ অর্থবছরের সার্বিক পারফরম্যান্স মূল্যায়ন এবং ২০২৬-২৭ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকগণের সমন্বয়ে আগামী ২১/০৮/২০২৬ খ্রি. তারিখ রোজ শুক্রবার "Nirvana Inn" সিলেট -এ "ব্যবস্থাপক সম্মেলন ২০২৬" (সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত) এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে মাঠপর্যায়ে কর্মরত/কর্মচারী ও শ্রেষ্ঠ শাখাকে উৎসাহমূলক পুরস্কার প্রদান অনুষ্ঠান (দুপুর ২:৩০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) অনুষ্ঠিত হবে। একই দিন সকাল ৯:০০ ঘটিকায় পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর শাখা, সিলেটে বৃক্ষ রোপণ ও চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট বিভাগের মনিটরিং কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে মাঠপর্যায়ের পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। সভায় প্রধান অতিথি হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংক পরিচালনা বোর্ড এর মাননীয় পরিচালক ও অডিট কমিটি এর সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের সাবেক সচিব ড. মোঃ জাহেদুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব সালমা বানু ও মহাব্যবস্থাপক জনাব মো: আলা উদ্দিন উপস্থিত থাকবেন। । এছাড়াও, স্টাফ অফিসার টু এমডি জনাব মিঠুন মন্ডল উপস্থিত থাকবেন । উক্ত সভায় সভাপতিত্ব করবেন সিলেট বিভাগের দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় মনিটরিং কর্মকর্তা জনাব এ. এস. এম. নাহীদ আলীম ।

সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময় অনুযায়ী বৃক্ষরোপণ ও চারা বিতরণ অনুষ্ঠান, ব্যবসায়িক পর্যালোচনা সভা এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

১৮/০৮/২০২৬
(মোঃ আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক

**সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ**

স্মারক নং- পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৬-২৭/৩৯ তারিখঃ ১৮-০৮-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। সিলেট জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুষ্ঠান আয়োজন ও উপস্থিত সকলকে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রাক্কলিত ব্যয় বাবদ (ভ্যাট ও ট্যাক্সসহ) জিএল কোড ৩০৮০২০০১ থেকে ১,৩০,০০০.০০ (কথায়: এক লক্ষ ত্রিশ হাজার) টাকা মাত্র উত্তোলনের অনুমতি দেয়া হলো। প্রকৃত ব্যয় সাপেক্ষে পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে বাজেট ও হিসাব বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো ।
৮। জনাব এস. এম. সাইফুল ইসলাম, জনসংযোগ কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা উক্ত সভায় উপস্থিত থাকবেন।
৯। প্রোগ্রামার, আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০। পুরস্কারের ক্রেস্ট এবং সনদসমূহ অনুষ্ঠানে পৌঁছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সাধারণ সেবা ও কল্যাণ বিভাগের প্রধানকে অনুরোধ করা হলো।
১১। গাড়িচালক জনাব মোঃ হাসান উক্ত সম্মেলনে সিলেট বিমানবন্দর থেকে Nirvana Inn হোটেল পর্যন্ত আনা-নেওয়ার দায়িত্ব পালন করবেন। এ উদ্দেশ্যে ঢাকা-মেট্রো-ঘ-১৩-৩৭২৫ নম্বরের গাড়িটি ব্যবহার করা হবে।
১২। অফিস নথি।

১৮/০৮/২০২৬
(এ. এস. এম. নাহীদ আলীম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার